31

আজকের কাগজ

তারিখ 11 DEC 1991
পৃষ্ঠা... 6 কলাম 6

29

# ময়মনসিংহ মেডিকেল কলেজের ছাত্রছাত্রীরা বলেছে, আমাদের শিক্ষাজীবন ধ্বংসের মুখে

**কাগজ প্রতিবেদকঃ** ময়মনসিংহ মেডিকেল কলেজের সাধারণ ছাত্রছাত্রীরা বলেছেন, 'অস্থিতিশীল পরিবেশ, বিবদমান ছাত্র সংগঠনগুলোর মধ্যে ক্রমবর্ধমান উত্তেজনা এবং সর্বোপরি সকল বিষয়ে কলেজ কর্তৃপক্ষ ও স্থানীয় প্রশাসনের চরম উদাসীনতায় আমাদের শিক্ষাজীবন আজ রীতিমত ধ্বংসের সম্মুখীন।'

গতকাল মঙ্গলবার বেলা ১১টায় জাতীয় প্রেসক্লাবে ময়মনসিংহ মেডিকেল কলেজের কতিপয় ছাত্রছাত্রীর উদ্যোগে আয়োজিত এক সংবাদ সম্মেলনে একথা বলা হয়েছে। সম্মেলনে লিখিত বক্তৃতা পড়ে শোনান জামিলুর রহিম। এতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নওশের আলম, আলী আশরাফ, মিজানুর রহমান, আবু সাঈদ মোঃ ফয়েজ, আতিকুর রহমান, শামীমা আখতার প্রমুখ।

সংবাদ সম্মেলনে অবিলম্বে কলেজ খুলে দেয়া, অব্যাহত সন্ত্রাস বন্ধ, শিক্ষক সংখ্যা বৃদ্ধিসহ ছয় দফা দাবি তুলে ধরেন। অবিলম্বে কলেজ খুলে দেয়া না হলে আগামীতে তারা প্রতীক অনশন শুরু করবেন বলে জানান। আগামী ১৭ ডিসেম্বর ময়মনসিংহ মেডিকেল কলেজ খুলে দেয়ার কথা।

## নবম দশম শ্রেণীর

(শেষ পৃঃ পর)

পুস্তকের অনুমোদন বাতিলের দাবী জানাইয়াছেন। আলেমগণ বলেন, পুস্তকে মুদ্রিত লিও টলেষ্টয়ের 'হোয়াট ম্যান লিভ ডাই' নামক গল্পের প্রধান চার ফেরেশতার অন্যতম হজরত মিকাইল (আঃ)-এর কাল্পনিক চরিত্র উপস্থাপন করা হইয়াছে। গল্পটিতে মিকাইল (আঃ) জনৈকা মহিলার জান কবজ সংক্রান্ত আল্লাহর আদেশ অমান্য করার কারণে শাস্তি ভোগ করিয়াছেন বলিয়া উল্লেখ করা হইয়াছে। অথচ ইসলামী বিশ্বাসমতে মিকাইল (আঃ)-এর কাজ হইতেছে মেঘ-বৃষ্টি নিয়ন্ত্রণ ও আল্লাহর সৃষ্ট জীবের রিজিকের ব্যবস্থাপনা। জান কবজের দায়িত্ব হজরত আজরাইল (আঃ)-এর। বিবৃতিতে স্বাক্ষর করেন: মওলানা আজিজুল হক মুরাদ, মওলানা ইসাজাহেদী, মওলানা মোস্তফা ওয়াহিদুজ্জামান, মাওলানা ফারুক আহম্মদ, মওলানা ইসমাইল ফারুক, মওলানা এস,এম আবদুল হামিদ, মওলানা কে, এম, সাইফুল ইসলাম খান, মওলানা রফিকুল ইসলাম, মওলানা আবুবকর সিদ্দিক ও মওলানা হাফেজ আলতাফ হোসেন।